ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৭৪
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'স্বাস্থ্য বিপ্লবের নগ্নচিত্র দুজন চিকিৎসক দিয়ে চলছে হাসপাতাল, লাটে পরিষেবা' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১৪ আগস্ট ২০২৫, 'চিকিৎসক সংকট, একা সামলাতে গিয়ে ডাক্তারাই অসুস্থ হয়ে পড়লেন' এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৩ আগস্ট, ২০২৫ এবং '২ মহিলা চিকিৎসক দিয়ে চলছে সোনামুড়া স্বাস্থ্য কেন্দ্র,' এই শিরোনামে গত ১২ আগস্ট ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদগুলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিকের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, বর্তমানে সোনামুড়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে তিনজন মেডিক্যাল অফিসার কর্মরত রয়েছেন। এদের মধ্যে উক্ত সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক কর্তৃপক্ষের জ্ঞাতসারে ছুটিতে রয়েছেন। সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিকের নির্দেশক্রমে সোনামুড়া মহকুমা হাসপাতাল থেকে মেডিক্যাল অফিসারদেরকে ডেপুটেশনে ঐ সিএইসি-তে প্রেরণ করা হয়েছিল এবং এসডিএমও নিজেও সেখানে দায়িত্ব পালন করেছিলেন। ইতিমধ্যে আরও পাঁচজন মেডিক্যাল অফিসারকে ১৪ আগস্ট ২০২৫ থেকে ১৮ আগস্ট ২০২৫ পর্যন্ত সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নির্দেশক্রমে সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক ডেপুটেশনে তাঁদের বিভিন্ন শিফটে কাজ করার জন্য আদেশ জারি করা হয়েছে।

*****